



Hortex Foundation

Patronized by the Ministry of Agriculture, Bangladesh

কৃষিই সমৃদ্ধি

স্মারক নং-হর্টেক্স/নিয়োগ/২০২৩-০৯৭

তারিখঃ ১৮/০৪/২০২৩ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

হর্টেক্স ফাউন্ডেশনের “ব্যবস্থাপনা পরিচালক” পদে উপযুক্ত প্রার্থীকে চুক্তি ভিত্তিক নিয়োগ দেয়া হবে। প্রার্থীকে আগামী ১৪ মে ২০২৩ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে চেয়ারম্যান, হর্টেক্স ফাউন্ডেশন বরাবরে আবেদন করতে হবে। আবেদনপত্র ই-মেইলে অথবা সরাসরি হর্টেক্স ফাউন্ডেশন অফিসে দেওয়া যেতে পারে।

১) আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, অভিজ্ঞতার সনদ, এনআইডি সনদসহ অন্যান্য প্রয়োজনীয় সনদপত্রের ফটোকপি অথবা স্ক্যান কপি সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে রেফারেন্স হিসেবে ০২ জন বিশিষ্ট ব্যক্তির ই-মেইলসহ নাম ঠিকানা উল্লেখ করতে হবে।

২) **বয়স সীমাঃ** অনূর্ধ্ব ৬১ (একষষ্টি) বৎসর।

৩) **যোগ্যতাঃ**

ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কৃষিতে স্নাতক ডিগ্রি। এছাড়া যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। ৩য় শ্রেণী/সিজিপিএ ৩ এর নিচে গ্রহণযোগ্য নয়।

খ) সরকারি প্রতিষ্ঠানে ১ম/২য় গ্রেড পদ মর্যাদা সম্পন্ন অবসরপ্রাপ্ত কর্মকর্তা অথবা বেসরকারি প্রতিষ্ঠানের (ন্যূনতম ১০০ কোটি টাকা মূলধন) ব্যবস্থাপনায় নিয়োজিত হিসাবে অভিজ্ঞতা থাকতে হবে।

গ) জনবল ও আর্থিক ব্যবস্থাপনায় অভিজ্ঞ।

ঘ) ন্যূনতম ২৫ (পঁচিশ) বৎসর চাকরির অভিজ্ঞতা।

ঙ) নীতিমালা, পথনক্সা, সমঝোতা স্মারক এবং কনসেপ্টনোট প্রণয়নের অভিজ্ঞতা থাকতে হবে।

চ) সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ রক্ষায় পারদর্শী হতে হবে।

৪) **বেতনঃ** স্কেল টাকা ৬৬০০০-৬৮৪৮০-৭১০৫০-৭৩৭২০-৭৬৪৯০-৭৯২৬০ এবং অন্যান্য ভাতাদি।

৫) প্রার্থী বাছাই প্রক্রিয়া “সার্চ কমিটি” কর্তৃক নির্ধারিত হবে।

ব্যবস্থাপনা পরিচালকের কর্ম পরিধি-

ক) হর্টেক্স ফাউন্ডেশনের প্রধান নির্বাহী অফিসার হিসেবে ফাউন্ডেশনের সকল প্রশাসনিক ও আর্থিক কার্য সম্পাদন করা।

খ) পরিচালনা পর্ষদ এর সভায় অংশগ্রহণ করে নীতি প্রণয়নে পরিচালকবৃন্দকে সহায়তা করা এবং নীতি বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা।


গ) বার্ষিক বাজেট এবং বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন করা।

ঘ) হর্টেক্স ফাউন্ডেশনের গ্রেড-২ হতে গ্রেড-১১ পর্যন্ত জনবল পরিচালনা পর্ষদ এর অনুমোদন সাপেক্ষে নিয়োগ দেওয়া।

ঙ) হর্টেক্স ফাউন্ডেশনের কর্মচারীদের দক্ষতা উন্নয়নে কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা।

(অ:পূ:দ্র:)

- চ) হর্টেক্স ফাউন্ডেশনের লক্ষ্য বাস্তবায়নে সংশ্লিষ্ট সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানসমূহের সাথে সমন্বয় সাধন করা।
- ছ) হর্টেক্স ফাউন্ডেশনের সকল স্থাবর/অস্থাবর সম্পত্তি রক্ষণাবেক্ষণ করা।
- জ) হর্টেক্স ফাউন্ডেশনের কার্যালয় আধুনিক ও ডিজিটাল রূপে রূপান্তর করা।
- ঝ) পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে প্রকল্পের পরামর্শক/স্বল্প মেয়াদী পরামর্শক নিয়োগ দেওয়া।
- ঞ) পরিচালনা পর্ষদ এবং সাধারণ পর্ষদ এর সভাসমূহ অনুষ্ঠিত করা এবং সভার কার্যবিবরণী প্রণয়ন ও বাস্তবায়ন করা।
- ট) কৃষিপণ্য রপ্তানি উন্নয়নে প্রয়োজনীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করা।
- ঠ) পরিচালনা পর্ষদ এর নির্দেশমতে অন্যান্য কার্য সম্পাদন করা।



মোঃ মনজুরুল হান্নান
ব্যবস্থাপনা পরিচালক

অনুলিপিঃ

ক) সদয় জ্ঞাতার্থে -

১। সচিব, কৃষি মন্ত্রণালয় এবং চেয়ারম্যান, হর্টেক্স ফাউন্ডেশন (দৃষ্টি আকর্ষণঃ সচিব মহোদয়ের একান্ত সচিব) মহোদয়ের নির্দেশমতে ব্যবস্থা গৃহীত হলো।

খ) সদয় জ্ঞাতার্থে ও নোটিশ বোর্ডে প্রদানের নির্দেশদানের অনুরোধসহ অনুলিপি প্রেরিত হলো-

- ১। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি), ফার্মগেট, ঢাকা-১২১৫।
- ২। ভাইস চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি), টিসিবি ভবন (৫ম তলা), কারওয়ান বাজার, ঢাকা।
- ৩। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫।
- ৪। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিএআরআই), গাজিপুর-১৭০১।
- ৫। মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫।
- ৬। অত্রদপ্তরের নোটিশ বোর্ড।

গ) কার্যার্থে-

- ১। জনাব মিটুল কুমার সাহা, যুগ্ম পরিচালক (বিপণন), হর্টেক্স ফাউন্ডেশন, ঢাকা।
- ২। জনাব মো: মামুন হোসেন, পোস্ট হারভেস্ট এন্ড কোয়ালিটি অ্যাসুরেন্স স্পেশালিষ্ট, হর্টেক্স ফাউন্ডেশন, ঢাকা।
- ৩। জনাব বিপ্লব দাস, হিসাব কর্মকর্তা, হর্টেক্স ফাউন্ডেশন, ঢাকা।
- ৪। জনাব সৈয়দ মিরাজ মাহমুদ, সহকারি ব্যবস্থাপক (লজিস্টিক্স এন্ড আইসিটি), হর্টেক্স ফাউন্ডেশন, ঢাকা।
- ৫। অফিস কপি।